

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সচিবের দপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নং- ৩৪.০০.০০০০.০২০.২৫.০০১.১৭-৫৪

তারিখঃ ১৯ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ
০৩ জুলাই ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়: যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মহোদয় কর্তৃক কক্সবাজার জেলার বিভিন্ন কার্যক্রম সরেজমিন পরিদর্শন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২১-২৩ জুন, ২০১৮ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ আসাদুল ইসলাম যুব উন্নয়ন অধিদপ্তরের কক্সবাজার জেলার বিভিন্ন কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন এবং কর্মকর্তা ও কর্মচারীদের সঙ্গে মতবিনিময় করেন।

০২। যুব উন্নয়ন অধিদপ্তরের কক্সবাজার জেলা কার্যালয়টি কক্সবাজার যুব প্রশিক্ষণ কেন্দ্রে অবস্থিত। বর্তমানে এ প্রশিক্ষণ কেন্দ্রে রাজস্ব খাতে ০১টি উপপরিচালক, ০১টি সহকারী পরিচালক, ০১ টি প্রশিক্ষক (মৎস্য), ০১টি জুনিয়র প্রশিক্ষক (পোষাক) ও ০১টি অফিস সহায়ক সহ মোট ০৫টি পদ শূন্য রয়েছে। কক্সবাজার যুব প্রশিক্ষণ কেন্দ্রে কম্পিউটার, ইলেকট্রনিক্স, ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং, রেফ্রিজারেশন এন্ড এয়ারকন্ডিশনিং, গবাদি পশু, মৎস্য চাষ ও হাস মুরগি পালন প্রশিক্ষণ ছাড়াও টেকাব প্রকল্পের মাধ্যমে বিউটিফিকেশন, টুরিস্ট গাইড বিষয়ে প্রশিক্ষণ দেয়া হয়। এ জেলা কার্যালয়ে বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রম যুব প্রশিক্ষণ কেন্দ্রেই পরিচালিত হচ্ছে। এ প্রশিক্ষণ কেন্দ্রের বিবিধ কার্যক্রম হিসেবে যৌতুক বিরোধী প্রচারণা, ছাগলপালন, তালিকাভুক্ত যুব সংগঠন ও নতুন যুব সংগঠনসমূহকে রেজিস্ট্রেশন প্রদান এবং তত্ত্বাবধান, নেটওয়ার্কিং এর আওতাভুক্ত যুব সংগঠনকে তদারকি, মাদক বিরোধী আন্দোলন, দুর্নীতি বিরোধী বিভিন্ন কর্মসূচি, বয়স্ক শিক্ষা ও গণ শিক্ষা কার্যক্রম, জাতীয় ও আন্তর্জাতিক বিভিন্ন দিবস ও কর্মসূচি পালন করে থাকে মর্মে কক্সবাজার যুব প্রশিক্ষণ কেন্দ্রের ভারপ্রাপ্ত উপপরিচালক জানান। পরিদর্শনকালে প্রশিক্ষণ কেন্দ্রের নিম্নোক্ত বিষয়সমূহ সচিব মহোদয়ের দৃষ্টিগোচর হয়েছেঃ

- কক্সবাজার যুব প্রশিক্ষণ কেন্দ্রের অফিস প্রাঙ্গণ খুবই অপরিচ্ছন্ন ও জঙ্গলে ভরপুর;
- অফিস প্রাঙ্গণের বাগানে এ বৎসর কোন বৃক্ষ রোপন করা হয়নি;
- স্বীকৃতিপ্রাপ্ত ৩৮টি যুব সংগঠনের মধ্যে মাত্র ০১টি যুব সংগঠনের নিবন্ধন করা হয়েছে;
- ভৌত অবকাঠামোসমূহ রক্ষণাবেক্ষণ মানসম্মত নয়;
- প্রশিক্ষণ খামার/বাগান যথাযথভাবে প্রস্তুত করা হয়নি;
- ২০১৭-১৮ অর্থবছরে ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং এর মত একটি চাহিদাসম্পন্ন প্রশিক্ষণ খাতে কোন অর্থ বরাদ্দ প্রদান করা হয়নি।

০৩। কক্সবাজার যুব প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন শেষে সচিব মহোদয় নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করেন :

- (ক) যুব উন্নয়ন অধিদপ্তরের তালিকাভুক্ত যুব সংগঠনগুলোকে দ্রুত রেজিস্ট্রেশন প্রদান করতে হবে। এজন্য কোন ফি প্রদান করতে হবে না। অতিরিক্ত সচিব ও যুগ্মসচিব (যুব) বিষয়টি পর্যালোচনাপূর্বক দ্রুত সমাধান করবে;
- (খ) সচিব মহোদয়ের নির্দেশনা অনুযায়ী কক্সবাজার যুব প্রশিক্ষণ কেন্দ্রের অফিস প্রাঙ্গণ দ্রুত পরিষ্কার পরিচ্ছন্ন করে তার সচিত্র প্রতিবেদন আগামী ১৫ কার্যদিবসের মধ্যে প্রেরণ করতে হবে;
- (গ) প্রতিটি দপ্তরে একটি করে পরিদর্শন রেজিস্টার সংরক্ষণ করতে হবে;
- (ঘ) ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং প্রশিক্ষণ খাতসহ অন্যান্য প্রশিক্ষণ খাতে দ্রুত বাজেট বরাদ্দের জন্য উপপরিচালক (প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক এ বিষয়ে প্রতিবেদন প্রেরণ করতে হবে;



অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

- (ঙ) ইতোপূর্বে প্রশিক্ষণ কেন্দ্রের প্রাঙ্গণে বৃক্ষ রোপণের জন্য যুব ও ক্রীড়া মন্ত্রণালয় এবং যুব উন্নয়ন অধিদপ্তর হতে পত্র প্রেরণ করা সত্ত্বেও কক্সবাজার যুব প্রশিক্ষণ কেন্দ্রের অফিস প্রাঙ্গণের বাগানে কোন বৃক্ষ রোপণ করা হয়নি। এ বিষয়ে সচিব মহোদয় অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) কে সকল যুব প্রশিক্ষণ কেন্দ্রে পুনরায় পত্র দিয়ে বৃক্ষ রোপণের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করেন;
- (চ) সিটিজেন চার্টার আপডেট করে এমন স্থানে স্থাপন করতে হবে যাতে সহজে নজরে আসে;
- (ছ) প্রশিক্ষণ কেন্দ্রের নীচতলায় প্রশিক্ষণ সংক্রান্ত সকল তথ্যাদি (কোর্সের নাম, মেয়াদ, সময়সূচি, কোর্সফিসহ অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি) দৃশ্যমান অবস্থায় থাকতে হবে;
- (জ) জেলার সকল আত্মকর্মসংস্থানমূলক প্রকল্পের ছবি (বড় সাইজ) নীচ তলায় রাখতে হবে;
- (ঝ) সচেতনতামূলক পোস্টার/ছবি/নির্দেশনা/নীচতলাসহ বিভিন্ন ফ্লোরে রাখতে হবে;
- (ঞ) প্রশিক্ষণ কেন্দ্রে দ্রুত আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প গ্রহণের লক্ষ্যে প্রশিক্ষণার্থীদের কাউন্সেলিং দিতে হবে;
- (ট) ঋণ সহায়তা প্রদানের লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রদত্ত ঋণের তথ্যাদি ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান থেকে (রাস্তায় ব্যাংক ও কর্মসংস্থান ব্যাংক) ঋণ প্রাপ্তির তথ্যাদি প্রশিক্ষণ কেন্দ্রের নীচ তলায় দৃশ্যমান অবস্থায় রাখতে হবে (সংশ্লিষ্ট মোবাইল নম্বরসহ);
- (ঠ) আবাসিক প্রশিক্ষণ ভাড়া মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা/প্রতিশ্রুতি অনুযায়ী দৈনিক ভাড়া ১০০/-টাকায় উন্নীতকরণের পরিপ্রেক্ষিতে মাঠ পর্যায়ে প্রশিক্ষণার্থীদেরকে যথাসময়ে দৈনিক ভাড়া প্রদান করা হয়েছে কি না, তার পূর্ণাঙ্গ প্রতিবেদন দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে;
- (ড) সমাপ্ত উন্নয়ন প্রকল্পসহ সকল প্রশিক্ষণের জন্য ব্যবহারিক প্রশিক্ষণ উপকরণ ক্রয়ের প্রয়োজনীয় বাজেট সংস্থানের যথাযথ ব্যবস্থা নিতে হবে;
- (ঢ) যে সকল জেলায় কম্পিউটার ল্যাব স্থাপনের জন্য আসবাব পত্রের সংস্থান রাখা হয়েছে, সে সকল জেলায় দুই আসবাবপত্র সরবরাহসহ ল্যাব স্থাপন সম্পন্ন করতে হবে;
- (ণ) কম্পিউটার ল্যাব-এ বৈদ্যুতিক দুর্ঘটনা যেন না ঘটে সে জন্য যথাযথ ব্যবস্থা নিতে হবে। বৈদ্যুতিক দুর্ঘটনা ঘটলে সংশ্লিষ্ট উপপরিচালকসহ অন্যান্যদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে;
- (ত) প্রশিক্ষণ বাজেট বৎসরের শুরুতেই ছাড়করণের লক্ষ্যে যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে;
- (থ) তত্ত্বীয় প্রশিক্ষণের চেয়ে ব্যবহারিক প্রশিক্ষণের উপর অধিকতর জোর দিতে হবে। ট্রেড ভিত্তিক ব্যবহারিক প্রশিক্ষণের সমস্যা চিহ্নিত করে সে মোতাবেক সময়মত বাজেট প্রস্তাবনা করতে হবে;
- (দ) কম্পিউটার ট্রেডে ইন্টারনেট সংযোগসহ অন্যান্য আনুষঙ্গিক প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে;
- (ধ) শূন্য পদ পূরণের দ্রুত পদক্ষেপ নিতে হবে। জনগুরুত্বপূর্ণ না হলে, সকল সংযুক্তির আদেশ বাতিল করে সংযুক্ত কর্মকর্তা ও কর্মচারীদের মূল পদে পদায়ন করতে হবে;
- (ন) ঋণ প্রদানের ক্ষেত্রে জমির দলিলের শর্ত শিথিল করা যায় কিনা তা পরীক্ষা করে দেখতে হবে;
- (প) যুব উন্নয়ন অধিদপ্তর থেকে কর্মসংস্থান ব্যাংকসহ অন্যান্য ব্যাংকে প্রশিক্ষণ প্রাপ্ত যুবদেরকে ঋণ সহায়তা প্রদানের জন্য পত্র দেয়াসহ স্থানীয়ভাবে সমন্বয়ের জন্য উপপরিচালকগণকে নির্দেশ দেয়া;
- (ফ) কক্সবাজার যুব প্রশিক্ষণ কেন্দ্রসহ প্রত্যেকটি যুব প্রশিক্ষণ কেন্দ্রে একটি মাল্টিমিডিয়া সরবরাহ করতে হবে;
- (ব) কৃত্রিম প্রজনন বিষয়ে তত্ত্বীয় ক্লাশের পাশাপাশি ব্যবহারিক ক্লাশ করার উপকরণ সরবরাহ করতে হবে;
- (ভ) যেসকল যুব প্রশিক্ষণ কেন্দ্রে হ্যাচারী প্রশিক্ষণের ব্যবস্থা নেই, সেসকল যুব প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণার্থীদের পার্শ্ববর্তী যুব প্রশিক্ষণ কেন্দ্রে হ্যাচারী প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (ম) কক্সবাজার যুব প্রশিক্ষণ কেন্দ্রের ব্যবহারিক প্রশিক্ষণ ইউনিট—এ রাখা বিভিন্ন ব্যবহৃত/ব্যবহারের অযোগ্য আসবাবপত্র যথাযথ স্থানে রেখে কেন্দ্রের প্রশিক্ষণ পরিবেশ নিশ্চিত করতে হবে;

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য


- (য) শারীরিকভাবে প্রতিবন্ধী প্রশিক্ষণার্থীদের সুবিধার জন্য নীচতলায় প্রশিক্ষণ প্রদানের উদ্যোগ নিতে হবে। এজন্য প্রয়োজনে Ramp স্থাপন করতে হবে;
- (র) গ্রামীণ মহিলাদের ধোঁয়াবিহীন ও আরামদায়ক স্বাস্থ্যসম্মত রান্নার কাজে এবং বিদ্যুৎ উৎপাদনে পরিবেশবান্ধব বায়োগ্যাস প্লান্ট গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এ প্রকল্পের কার্যক্রমের ব্যাপক প্রচার প্রচারণা বাড়াতে মাঠে এবং জনগণকে বায়োগ্যাস প্লান্ট স্থাপনে উদ্বুদ্ধ করতে হবে।

০৪। উল্লেখ্য, সচিব মহোদয় বিভিন্ন সময় যুব উন্নয়ন অধিদপ্তরের জেলা কার্যালয়, যুব প্রশিক্ষণ কেন্দ্র এবং ন্যাশনাল সার্ভিস কর্মসূচীর কার্যক্রম সরেজমিন পরিদর্শন করে গুরুত্বপূর্ণ নির্দেশনা প্রদান করেন। কিন্তু অবস্থাদৃষ্টে প্রতীয়মান হয় যে, এ সকল নির্দেশনা অধিদপ্তর থেকে মাঠ পর্যায়ের দপ্তরসমূহে যথাযথভাবে প্রেরণ করা হয়না অথবা মাঠ পর্যায়ের দপ্তরসমূহ নির্দেশনাসমূহ যথাযথভাবে প্রতিপালন করে না। অধিদপ্তরের উর্ধ্বতন কর্মকর্তাগণ নিয়মিতভাবে মাঠ পর্যায়ের অফিস ও কার্যক্রম পরিদর্শন করে এ সকল বিষয়ে তদারকী ও অধীনস্থদের নির্দেশনা প্রদান করলে এক্ষেত্রে দৃশ্যমান ইতিবাচক পরিবর্তন ঘটবে।

এমতাবস্থায়, উল্লিখিত সকল নির্দেশনা যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। এতদসঙ্গে সংযুক্ত সচিব মহোদয়ের ইতোপূর্বের পরিদর্শন রিপোর্টসমূহ একত্রে সন্নিবেশিত করে মাঠ পর্যায়ের কার্যালয়ে প্রেরণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যও নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ইতোপূর্বের ৪টি পরিদর্শন রিপোর্ট।

মহাপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮ মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।



০৩/০৭/১৬
মোহাম্মদ আবদুল আওয়াল
সচিবের একান্ত সচিব
টেলিফোনঃ ৯৫৭৫৫৪১
Email: awal24bcs@gmail.com

নং- ৩৪.০০.০০০০.০২০.২৫.০০১.১৭-৫৪

তারিখঃ ১৯ আষাঢ় ১৪২৫ বঙ্গাব্দ
০৩ জুলাই ২০১৬ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে :

- ১। যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, কক্সবাজার।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। অফিস কপি।


০৩/০৭/১৬
মোহাম্মদ আবদুল আওয়াল
সচিবের একান্ত সচিব
টেলিফোনঃ ৯৫৭৫৫৪১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সচিবের দপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নং- ৩৪.০০.০০০০.০২০.২৫.০০১.১৭- ২০৪

তারিখঃ ২৬ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ
১০ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয় : যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মহোদয় কর্তৃক যুব উন্নয়ন অধিদপ্তরের পঞ্চগড়, ঠাকুরগাঁও ও দিনাজপুর জেলার বিভিন্ন কার্যক্রম সরেজমিন পরিদর্শন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৩, ০৪ ও ০৫ ডিসেম্বর ২০১৭ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ আসাদুল ইসলাম যুব উন্নয়ন অধিদপ্তরের পঞ্চগড়, ঠাকুরগাঁও ও দিনাজপুর জেলার বিভিন্ন কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন এবং কর্মকর্তা ও কর্মচারীদের সঙ্গে মতবিনিময় করেন।

০২। যুব উন্নয়ন অধিদপ্তর পঞ্চগড় জেলা কার্যালয়টি পঞ্চগড় যুব প্রশিক্ষণ কেন্দ্রে অবস্থিত। জেলা কার্যালয়ের বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রম যুব প্রশিক্ষণ কেন্দ্রেই পরিচালিত হয়। জনবলের দিক থেকে এ জেলা অবস্থান মোটামুটি ভাল। তবে ০২ (দুই) জন সহকারী পরিচালক, ০১ (এক) জন প্রশিক্ষক এবং ০১ (এক) জন ডাটা এন্ট্রি অপারেটরের পদ শূন্য রয়েছে। এ জেলায় প্রশিক্ষার্থীদের উপস্থিতি বেশ ভাল। কিছু কিছু ট্রেনিং সরঞ্জাম অকেজো হওয়ায় প্রশিক্ষণ কার্যক্রমে বিঘ্ন ঘটছে। এ যুব প্রশিক্ষণ কেন্দ্রে গবাদি পশু, মৎস্য চাষ ও হাস মুরগি পালন, সামার টমোটো চাষ ছাড়াও বিজিএই-এর প্রশিক্ষক দ্বারা ০৬ মাস ব্যাপী সোয়েটার তৈরি প্রশিক্ষণ দেয়া হয়। এ প্রশিক্ষণ কেন্দ্রে ফার্নিচার অপ্রতুল। আবাসিক প্রশিক্ষার্থীদের খাওয়ার বাজেট প্রতিদিন ৪০ টাকা মাত্র, হ্যাচারী নেই। পঞ্চগড় যুব প্রশিক্ষণ কেন্দ্রটি সমাপ্ত প্রকল্পের হওয়ায় বাজেট বরাদ্দ কম, চাহিদা মোতাবেক ফার্নিচার, ট্রেনিং সরঞ্জাম ও পর্যাপ্ত কাঁচামাল সরবরাহ করা সম্ভব হয় না মর্মে ডেপুটি কো-অর্ডিনেটর জানান। আগামী ৩১/১২/২০১৭ খ্রি. তারিখের সকল তালিকাভুক্ত যুবসংগঠনের নিবন্ধন সম্পন্নকরণ, বিশেষ চাহিদাসম্পন্ন যুবদের (অটিজম) প্রশিক্ষণের ব্যবস্থাকরণ, পার্শ্ববর্তী যুব প্রশিক্ষণ কেন্দ্রে হ্যাচারী প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। সচিব মহোদয় ইমপ্যাক্ট প্রকল্পের আওতায় দেবীগঞ্জ উপজেলায় নির্মিত বায়োগ্যাস প্লান্ট পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেন।

০৩। যুব উন্নয়ন অধিদপ্তর ঠাকুরগাঁও জেলা কার্যালয়টি ঠাকুরগাঁও যুব প্রশিক্ষণ কেন্দ্রে অবস্থিত। জেলা কার্যালয়ের বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রম যুব প্রশিক্ষণ কেন্দ্রেই পরিচালিত হয়। জনবলের দিক থেকে এ জেলা অবস্থান মোটামুটি ভাল। তবে ০২ (দুই) জন সহকারী পরিচালক ও ড্রাইভারের পদ শূন্য রয়েছে। এ জেলায় প্রশিক্ষার্থীদের উপস্থিতি বেশ ভাল। এ যুব প্রশিক্ষণ কেন্দ্রে গবাদি পশু, মৎস্য চাষ ও হাস মুরগি পালন, ছাড়াও টার্কি পালন প্রশিক্ষণ দেয়া হয়। আবাসিক প্রশিক্ষার্থীদের খাওয়ার বাজেট প্রতিদিন ৪০ টাকা মাত্র। ঠাকুরগাঁও যুব প্রশিক্ষণ কেন্দ্রটি সমাপ্ত প্রকল্পের হওয়ায় বাজেট বরাদ্দ কম, চাহিদা মোতাবেক ফার্নিচার, ট্রেনিং সরঞ্জাম ও পর্যাপ্ত কাঁচামাল সরবরাহ করা সম্ভব হয় না মর্মে ডেপুটি কো-অর্ডিনেটর জানান। যুবদের চাহিদার তুলনায় যুব উন্নয়ন কর্তৃক প্রদত্ত ঋণ অপ্রতুল হওয়ায় কর্মসংস্থান ব্যাংক হতে যুবদের সহজ শর্তে ঋণ প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য জেলা প্রশাসক, ঠাকুরগাঁও-কে সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। আগামী ৩১/১২/২০১৭ খ্রি. তারিখের সকল তালিকাভুক্ত যুবসংগঠনের নিবন্ধন সম্পন্নকরণ এবং পার্শ্ববর্তী যুব প্রশিক্ষণ কেন্দ্রে হ্যাচারী প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন। সচিব মহোদয় ইমপ্যাক্ট প্রকল্পের আওতায় ঠাকুরগাঁও সদর উপজেলায় নির্মিত বায়োগ্যাস প্লান্ট পরিদর্শন করে সন্তোষ প্রকাশ করেন।

০৪। যুব উন্নয়ন অধিদপ্তর দিনাজপুর জেলা কার্যালয়টি দিনাজপুর যুব প্রশিক্ষণ কেন্দ্রে অবস্থিত। জেলা কার্যালয়ের বিভিন্ন ট্রেডের প্রশিক্ষণ কার্যক্রম যুব প্রশিক্ষণ কেন্দ্রেই পরিচালিত হয়। জনবলের দিক থেকে এ জেলা অবস্থান মোটামুটি ভাল। তবে ০২ (দুই) জন সহকারী পরিচালকের পদ শূন্য রয়েছে। এ জেলায় প্রশিক্ষার্থীদের উপস্থিতি বেশ ভাল।

(অপর পৃষ্ঠা দৃষ্টব্য)

এ যুব প্রশিক্ষণ কেন্দ্রে গবাদি পশু, মৎস্য চাষ ও হাস মুরগি পালনসহ যাবতীয় প্রশিক্ষণ দেয়া হয়। আবাসিক প্রশিক্ষণার্থীদের খাওয়ার বাজেট প্রতিদিন ৪০ টাকা মাত্র। ঠাকুরগাঁও যুব প্রশিক্ষণ কেন্দ্রটি সমাপ্ত প্রকল্পের হওয়ায় বাজেট বরাদ্দ কম, চাহিদা মোতাবেক ফার্নিচার, ট্রেনিং সরঞ্জাম ও পর্যাপ্ত কাঁচামাল সরবরাহ করা সম্ভব হয় না মর্মে ডেপুটি কো-অর্ডিনেটর জানান। আগামী ৩১/১২/২০১৭ খ্রি. তারিখের সকল তালিকাভুক্ত যুবসংগঠনের নিবন্ধন সম্পন্নকরণ এবং পার্শ্ববর্তী যুব প্রশিক্ষণ কেন্দ্রে হ্যাচারী প্রশিক্ষণের ব্যবস্থা করার জন্য সচিব মহোদয় নির্দেশনা প্রদান করেন।

পঞ্চগড়, ঠাকুরগাঁও ও দিনাজপুর পরিদর্শনে সচিব মহোদয় নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করেন :

- (ক) সিটিজেন চার্টার আপডেট করে প্রশিক্ষণ কেন্দ্রের যথাযথ স্থানে সকলের সহজে নজরে আসে এমন স্থানে স্থাপন করতে হবে;
- (খ) প্রশিক্ষণ কেন্দ্রের নীচতলায় প্রশিক্ষণ সংক্রান্ত সকল তথ্যাদি (কোর্সের নাম, মেয়াদ, সময়সূচি, কোর্সফিসহ অন্যান্য প্রয়োজনীয় তথ্যাদি দৃশ্যমান অবস্থায় থাকতে হবে;
- (গ) জেলার সকল আত্মকর্মসংস্থানমূলক প্রকল্পের ছবি (বড় সাইজ) নীচ তলায় রাখতে হবে;
- (ঘ) সচেতনতামূলক পোস্টার /ছবি/নির্দেশনা/নীচতলাসহ বিভিন্ন ফ্লোরে রাখতে হবে;
- (ঙ) প্রশিক্ষণ কেন্দ্রে দ্রুত আত্মকর্মসংস্থানমূলক প্রকল্প গ্রহণের লক্ষ্যে কাউন্সেলিং দিতে হবে;
- (চ) ঋণ সহায়তা প্রদানের লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রদত্ত ঋণের তথ্যাদি ও অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান থেকে (রাষ্ট্রায়ত্ত্ব ব্যাংক ও কর্মসংস্থান ব্যাংক) ঋণ প্রাপ্তির তথ্যাদি প্রশিক্ষণ কেন্দ্রের নীচ তলায় দৃশ্যমান অবস্থায় থাকতে হবে (সংশ্লিষ্ট মোবাইল নম্বরসহ);
- (ছ) আবাসিক প্রশিক্ষণ ভাড়া মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা/প্রতিশ্রুতি অনুযায়ী দৈনিক ১০০/-টাকায় উন্নীতকরণের প্রেক্ষাপটে দ্রুত অর্থ ছাড়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (জ) সমাপ্ত উন্নয়ন প্রকল্পসহ সকল প্রশিক্ষণের জন্য ব্যবহারিক প্রশিক্ষণ উপকরণ ক্রয়ের প্রয়োজনীয় বাজেট সংস্থানের যথাযথ ব্যবস্থা নিতে হবে;
- (ঝ) যে সকল জেলায় কম্পিউটার ল্যাব স্থাপনের জন্য আসবাব পত্রের সংস্থান রাখা হয়েছে, সে সকল জেলায় দ্রুত আসবাবপত্র সরবরাহসহ ল্যাব স্থাপন সম্পন্ন করতে হবে;
- (ঞ) কম্পিউটার ল্যাব-এ বৈদ্যুতিক দুর্ঘটনা যেন না ঘটে সে জন্য যথাযথ ব্যবস্থা নিতে হবে। বৈদ্যুতিক দুর্ঘটনা ঘটলে সংশ্লিষ্ট উপপরিচালকসহ অন্যান্যদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে;
- (ট) প্রশিক্ষণ বাজেট বৎসরের শুরুতেই ছাড়করণের লক্ষ্যে যথাযথ উদ্যোগ আগে থেকেই নিতে হবে;
- (ঠ) তত্ত্বীয় প্রশিক্ষণের চেয়ে ব্যবহারিক প্রশিক্ষণের উপর অধিকতর জোর দিতে হবে। ট্রেড ভিত্তিক ব্যবহারিক প্রশিক্ষণের কি সমস্যা আছে, তা চিহ্নিত করে সে মোতাবেক সময়সত বাজেট প্রস্তাবনা করতে হবে;
- (ড) কম্পিউটার ট্রেডে ইন্টারনেটের সংযোগসহ প্রশিক্ষণের প্রয়োজনীয় ব্যবস্থা করতে হবে;
- (ঢ) শূন্য পদ পূরণের দ্রুত পদক্ষেপ নিতে হবে। সরাসরি নিয়োগযোগ্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ও ক্রেডিট সুপারভাইজার পদ পূরণের দ্রুত পদক্ষেপ নিতে হবে;
- (ণ) ঋণ প্রদানের ক্ষেত্রে জমির দলিলের শর্ত শিথিল করা যায় কিনা তা খতিয়ে দেখতে হবে;
- (ত) কর্মসংস্থান ব্যাংকসহ অন্যান্য ব্যাংক থেকে যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ প্রাপ্ত যুবদেরকে ঋণ সহায়তা প্রদানের জন্য পত্র দেয়াসহ উপপরিচালকগণ এ ব্যাপারে ভূমিকা রাখবেন;
- (থ) যুব উন্নয়ন অধিদপ্তরের তালিকাভুক্ত যুব সংগঠনদেরকে দ্রুত রেজিস্ট্রেশন প্রদান করতে হবে;
- (দ) দিনাজপুর যুব প্রশিক্ষণ কেন্দ্র থেকে প্রশিক্ষণ প্রাপ্তদেরকে অন্যান্য প্রশিক্ষণ কেন্দ্রে শিক্ষানবীশ (Internee) হিসেবে কাজ করার সুযোগ প্রদান;
- (ধ) কৃত্রিম প্রজনন বিষয়ে তত্ত্বীয় ক্লাশের পাশাপাশি ব্যবহারিক ক্লাশ করার উপকরণ সরবরাহ করতে হবে;
- (ন) দিনাজপুর যুব প্রশিক্ষণ কেন্দ্রে একটি মাল্টিমিডিয়া সরবরাহ করতে হবে;
- (প) যেসকল যুব প্রশিক্ষণ কেন্দ্রে হ্যাচারী প্রশিক্ষণের ব্যবস্থা নেই, সেসকল যুব প্রশিক্ষণ কেন্দ্রের প্রশিক্ষণার্থীদের পার্শ্ববর্তী যুব প্রশিক্ষণ কেন্দ্রে হ্যাচারী প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে;

(অপর পৃষ্ঠা দ্রষ্টব্য)

- (ফ) দিনাজপুর যুব প্রশিক্ষণ কেন্দ্রের ব্যবহারিক প্রশিক্ষণ ইউনিট -এ রাখা বিভিন্ন ব্যবহৃত/ব্যবহারের অযোগ্য আসবাবপত্র যথাযথ স্থানে রেখে কেন্দ্রের প্রশিক্ষণ পরিবেশ নিশ্চিত করতে হবে;
- (ব) শারীরিকভাবে প্রতিবন্ধী প্রশিক্ষার্থীদের প্রশিক্ষণ সুবিধার জন্য নীচতলায় প্রশিক্ষণ প্রদানের জন্য উদ্যোগ নিতে হবে। এজন্য প্রয়োজনে Ramp স্থাপন করতে হবে।
- (ভ) গ্রামীণ মহিলাদের ধোঁয়াবিহীন ও আরামদায়ক স্বাস্থ্যসম্মত রান্নার কাজে এবং বিদ্যুৎ উৎপাদনে পরিবেশবান্ধব বায়োগ্যাস প্লান্ট গুরুত্বপূর্ণ ভূমিকা রাখছে। এ প্রকল্পের কার্যক্রমের ব্যাপক প্রচার প্রচারণা বাড়াতে মাঠে এবং জনগণকে বায়োগ্যাস প্লান্ট স্থাপনে উদ্বুদ্ধ করতে হবে।

বিষয়টি সদয় কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।

মহাপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮ মতিঝিল বা/এ
ঢাকা-১০০০।


মোহাম্মদ আবদুল আওয়াল
সচিবের একান্ত সচিব
টেলিফোনঃ ৯৫৭৫৫৪১
Email: awal24bcs@gmail.com

নং- ৩৪.০০.০০০০.০২০.২৫.০০১.১৭- ২০৪

তারিখঃ ২৬ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ
১০ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে :

- ১। যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, পঞ্চগড়/ঠাকুরগাঁও/দিনাজপুর।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। অফিস কপি।


২০/১২/১৭
মোহাম্মদ আবদুল আওয়াল
সচিবের একান্ত সচিব
টেলিফোনঃ ৯৫৭৫৫৪১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সচিবের দপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moysports.gov.bd

স্মারক নং- ৩৪.০০.০০০০.০২০.২৫.০০১.১৭.১৯৯

তারিখঃ ১৩ অগ্রহায়ণ ১৪২৪ বঙ্গাব্দ
২৭ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব মহোদয় কর্তৃক যুব উন্নয়ন অধিদপ্তরের রাজশাহী জেলার বিভিন্ন কার্যক্রম সরেজমিন পরিদর্শন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ১৮/১১/২০১৭ এবং ১৯/১১/২০১৭ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের সচিব জনাব মোঃ আসাদুল ইসলাম যুব উন্নয়ন অধিদপ্তরের রাজশাহী জেলার বিভিন্ন কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন এবং কর্মকর্তা ও কর্মচারীদের সাথে মতবিনিময় করেন।

২। উপ-পরিচালকের কার্যালয়টি একটি ভাড়া বাড়ীতে অবস্থিত এবং সংকীর্ণ পরিসরে সেখানে ট্রেনিং কার্যক্রম পরিচালিত হচ্ছে। জনবলের অবস্থার দিক থেকে এ জেলার অবস্থান মোটামুটি ভাল। তবে তাঁর কার্যালয়ে দু'জন সহকারী পরিচালকের পদ শূন্য আছে, যা দ্রুত পূরণ হওয়া প্রয়োজন। এছাড়া '৬৪টি জেলায় আধুনিক কম্পিউটার ল্যাব স্থাপন' প্রকল্পের অধীনে রাজশাহী জেলা কার্যালয়ে মোট ৩৫টি কম্পিউটার পাওয়া গেছে। কিন্তু স্থানাভাবের কারণে কম্পিউটারগুলো Installation করে উক্ত প্রশিক্ষণ কার্যক্রম চালু করা যায়নি মর্মে উপ-পরিচালক জানান। এ উদ্দেশ্যে বাড়ী ভাড়া নেওয়ার চেষ্টা চলছে বলে উপ-পরিচালক অবহিত করেন। সচিব মহোদয় প্রকল্প পরিচালক ও উপ-পরিচালককে দ্রুত কম্পিউটার ল্যাব স্থাপন উপযোগী একটি বাড়ী ভাড়া করে ল্যাব চালু করার নির্দেশ প্রদান করেন।

৩। রাজবাড়ী হাট যুব প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শনকালে কো-অর্ডিনেটর জানান যে, গত জুলাই/২০১৭ হতে উক্ত কেন্দ্রের প্রশিক্ষণ কার্যক্রম বন্ধ রয়েছে। কেন্দ্রটি রাজস্ব খাতভুক্ত কিন্তু স্থাপনাদি অত্যন্ত জরাজীর্ণ এবং প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনার জন্য ঝুঁকিপূর্ণ বিধায় প্রশিক্ষণ বন্ধ রাখা হয়েছে। রাজস্ব খাতভুক্ত প্রশিক্ষণ বন্ধ সমীচীন নয় বিধায় দ্রুত একটি বিকল্প স্থানে প্রশিক্ষণ কার্যক্রম চালু করা প্রয়োজন বলে সচিব মহোদয় অভিমত ব্যক্ত করেন। তাছাড়া উক্ত ট্রেনিং সেন্টারে সিনিয়র ইন্সট্রাক্টর, ডাইভার এবং বাবুচীর পদ শূন্য রয়েছে। পরিচালক (প্রশিক্ষণ) এবং উপ-পরিচালক এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য তিনি নির্দেশনা প্রদান করেছেন। জেলা সদরে প্রশিক্ষণ কার্যক্রম সম্ভাষণক; বিশেষ করে Basic Computer, Electronic, House Wiring & Air Conditioning Training-এ চাহিদা প্রচুর। তবে তিনি উপলব্ধি করেন যে, গুণগত প্রশিক্ষণ প্রদানে স্থানাভাব একটি বড় প্রতিবন্ধকতা। রাজশাহীতে বর্তমানে উপ-পরিচালকের কোন নিজস্ব ভবন নেই। সংকীর্ণ পরিসরে এ প্রশিক্ষণ কার্যক্রম চলছে। উপ-পরিচালকের নিজস্ব ভবন নির্মাণের বিষয়ে সর্বশেষ অগ্রগতি সম্পর্কে প্রতিবেদন দেয়ার জন্য পরিচালক (প্রশাসন), যুব উন্নয়ন অধিদপ্তরকে নির্দেশ প্রদান করেন।

৪। বর্তমান সরকারের উল্লেখযোগ্য একটি কার্যক্রম ন্যাশনাল সার্ভিস কর্মসূচি। এ কর্মসূচির আওতায় রাজশাহীর গোদাগাড়ীতে ৭ম পর্বের এ কর্মসূচি চালু প্রক্রিয়াধীন। উপপরিচালক জানান গোদাগাড়ী উপজেলায় মোট ১০০০ প্রশিক্ষণার্থীকে প্রাথমিকভাবে নির্বাচন করা হয়েছে। উক্ত প্রশিক্ষণ কার্যক্রম দ্রুত চালু করার জন্য পরিচালক, ন্যাশনাল সার্ভিস-কে নির্দেশ প্রদান করেন।


বর্ণিত অবস্থার আলোকে তিনি নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেনঃ

১) কম্পিউটার ল্যাব দ্রুত চালু করতে হবে;



- ২) প্রশিক্ষণ উপযোগী একটি ভাড়া বাড়িতে দ্রুত কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রম চালু করতে হবে। এ বিষয়ে যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) সরেজমিন পরিদর্শন করে এ বিষয়ে দ্রুত ব্যবস্থা গ্রহণ করবেন;
- ৩) রাজশাহী যুব প্রশিক্ষণ কেন্দ্রে প্রশিক্ষণ কার্যক্রম কেন বন্ধ রয়েছে সে বিষয়ে যুব উন্নয়ন অধিদপ্তরের পরিচালক (প্রশাসন) সরেজমিনে তদন্ত পূর্বক মন্ত্রণালয়ে প্রতিবেদন পেশ করবেন;
- ৪) ২টি সহকারী পরিচালকের শূন্য পদে দ্রুত পদায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং পুঁঠিয়া উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তরে একজন অফিস সহায়ক দ্রুত পদায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- ৫) রাজবাড়ীহাট যুব প্রশিক্ষণ কেন্দ্রের সিনিয়র ইন্সট্রাক্টর ডাইভার এবং বাবুচাঁর শূন্য পদে দ্রুত পদায়নের ব্যবস্থা করতে হবে;
- ৬) গোদাগাড়ী উপজেলায় ন্যাশনাল সার্ভিস কার্যক্রম শুরু করার বিষয়টি ত্বরান্বিত করতে হবে;
- ৭) জেলার অন্যান্য উপজেলায় ন্যাশনাল সার্ভিস চালুকরণের সম্ভাব্যতা যাচাই করতে হবে;
- ৮) ন্যাশনাল সার্ভিস কর্মীদের একটি পূর্ণাঙ্গ তথ্য ভান্ডার (Database) তৈরী করতে হবে যাতে তাদের প্রশিক্ষণকালীন এবং প্রশিক্ষণোত্তর সবধরনের তথ্য সংরক্ষণ করা যায়;
- ৯) প্রশিক্ষণকালীন কর্মীদের ন্যাশনাল সার্ভিস সম্পর্কে তথ্য তাদের নিয়োগের মেয়াদ, শর্তাদি, প্রশিক্ষণ ভাতা, ভবিষ্যত সঞ্চয় ইত্যাদি সম্পর্কে যথাযথভাবে অবহিত করতে হবে;
- ১০) নীতিমালা সংশোধন করে সরকারি প্রতিষ্ঠানের পাশাপাশি বেসরকারি প্রতিষ্ঠান, শিল্প, ব্যবসা কিংবা প্রতিষ্ঠানে তাদের নিয়োগ দেওয়া যায় কিনা পরীক্ষা করে দেখতে হবে।

বিষয়টি সদয় কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।


 ২৭/১১/১৭
 (মোহাম্মদ আবদুল আওয়াল)
 সচিবের একান্ত সচিব
 টেলিফোনঃ ০২-৯৫৭৫৫৪১

E-mail: pstosec@moysports.gov.bd


মহাপরিচালক
 যুব উন্নয়ন অধিদপ্তর
 ১০৮, মতিঝিল, ঢাকা।

স্মারক নং- ৩৪.০০.০০০০.০২০.২৫.০০১.১৭-৯৮

তারিখঃ ২৭ নভেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, জেলা কার্যালয়, রাজশাহী।


 ২৭/১১/১৭
 (মোহাম্মদ আবদুল আওয়াল)
 সচিবের একান্ত সচিব



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সচিবের দপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moysports.gov.bd

স্মারক নং- ৩৪.০০.০০০০.০২০.২৫.০০১.১৭. ৫৪

তারিখঃ ০৮ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ
২২ মে ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মহোদয় কর্তৃক শেরপুর জেলায় চলমান ন্যাশনাল সার্ভিস কর্মসূচির
(এনএসপি) কার্যক্রম সরেজমিন পরিদর্শন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৪/০৫/২০১৭ এবং ০৫/০৫/২০১৭ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব জনাব মোঃ আসাদুল ইসলাম শেরপুর জেলায় চলমান ন্যাশনাল সার্ভিস কার্যক্রম সরেজমিন পরিদর্শন করেন এবং বিভিন্ন দপ্তরে অস্থায়ী কর্মসংযুক্তিপ্রাপ্তদের সাথে মতবিনিময় করেন। মতবিনিময়কালে তারা ন্যাশনাল সার্ভিস কর্মসূচির মেয়াদ বৃদ্ধি তথা তাদের অস্থায়ী নিয়োগকাল বৃদ্ধির জন্য অনুরোধ করেন। শেরপুর উপজেলায় ন্যাশনাল সার্ভিস কর্মসূচির মেয়াদকাল বৃদ্ধির কোন সুযোগ নেই মর্মে তাদের জানানো হয় এবং তাদের প্রশিক্ষণলব্ধ জ্ঞান, কর্মসংযুক্তির অভিজ্ঞতা ও সঞ্চিত অর্থ দ্বারা আত্মকর্মসংস্থানের উদ্যোগ গ্রহণের জন্য পরামর্শ প্রদান করা হয়।

০২। পরিদর্শনকালে একটি বিষয় প্রতীয়মান হয়েছে যে, প্রশিক্ষণের সময় কর্মীদের তাদের কর্মসূচির মেয়াদ, তাদের নিয়োগের শর্ত ইত্যাদি সম্পর্কে যথাযথভাবে অবহিত করা হয়নি। এর ফলে যে সকল কর্মী প্রাথমিক/মাধ্যমিক বিদ্যালয়ে শিক্ষক হিসেবে কাজ করেছেন তারা অনেকটা আশাবাদী হয়ে উঠেছেন যে, ভবিষ্যতে উক্ত বিদ্যালয়ে তারা স্থায়ীভাবে নিয়োগলাভ করবেন। অনেক ক্ষেত্রে সংশ্লিষ্ট বিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক তাদের মৌখিকভাবে এ ধরনের প্রতিশ্রুতিও প্রদান করা হয়েছে কিন্তু বাস্তবতা হলো অনেকের সরকারি চাকুরির বয়স ইতোমধ্যে উত্তীর্ণ হয়ে গেছে। বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে নিয়োগ পাওয়ার সুযোগ/সম্ভাবনা থাকলেও সরকারি প্রতিষ্ঠানে নিয়োগ পাওয়ার কোন সুযোগ নেই। সরকারি স্কুল/অফিস/প্রতিষ্ঠানে অস্থায়ীভাবে নিয়োজিত কর্মীগণ অফিস ব্যবস্থাপনা/দাপ্তরিক কাজে দক্ষতা অর্জন করলেও তা ভবিষ্যতে অফিস বেইজড বা এ জাতীয় কাজে নিয়োজিত হওয়ার সুযোগ কতটা পাওয়া যাবে সে বিষয়ে নিশ্চিত করে কিছু বলা যায় না। এ ক্ষেত্রে কৃষি, শিল্প ভিত্তিক দক্ষতা যেমন- উন্নত কৃষি কাজ, মাছ চাষ, গবাদি পশু পালনে দক্ষতা অর্জন করলে তা আত্মকর্মসংস্থানে সহায়তা করবে। এছাড়া বেসরকারি শিল্প বা ব্যবসা প্রতিষ্ঠান/সার্ভিস সেক্টরে তাদের কর্মসংযুক্তি প্রদান করা হলে তাদের দক্ষতা অর্জন আরও সহজ হবে বলে প্রতীয়মান হয়, যা ভবিষ্যতে তাদেরকে কর্মসংস্থানের সুযোগ করে দিবে।


০৩। পরিদর্শনকালে আরও প্রতীয়মান হয় যে, ন্যাশনাল সার্ভিস কর্মসূচিতে নিয়োজিত কর্মীদের একটি পূর্ণাঙ্গ তথ্য ভান্ডার থাকা প্রয়োজন। যাতে তাদের যোগাযোগের ঠিকানা সহ যাবতীয় তথ্যাদি থাকতে পারে। কর্মসূচি শেষে এই কর্মীদের কর্মসংস্থান ব্যাংক হতে ঋণ পাওয়া কিংবা ক্ষুদ্র শিল্প, ব্যবসা প্রতিষ্ঠান স্থাপন, বিদেশে কর্মসংস্থান ইত্যাদি কাজে যুব উন্নয়ন অধিদপ্তর কর্তৃক পরামর্শ প্রদানসহ যাবতীয় সহায়তা প্রদান করা প্রয়োজন, যাতে তারা যুব উন্নয়ন অধিদপ্তরকে রেফারেন্স হিসেবে উল্লেখ করতে পারে। কোন কোন ক্ষেত্রে যুব উন্নয়ন অধিদপ্তর ব্যাংক হতে ঋণ পাওয়ার ক্ষেত্রে গ্যারান্টর হতে পারে কিনা সে বিষয়টিও পরীক্ষা করে দেখা যেতে পারে।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

০৪। বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে ন্যাশনাল সার্ভিস কর্মসূচি বাস্তবায়নের বিষয়ে সচিব মহোদয় নিম্নোক্ত নির্দেশনা প্রদান করেনঃ

- ন্যাশনাল সার্ভিস কর্মসূচিতে অংশগ্রহণকারীদের একটি পূর্ণাঙ্গ তথ্য ভান্ডার (Database) তৈরী করতে হবে যাতে তাদের প্রশিক্ষণকালীন এবং প্রশিক্ষণোত্তর সবধরনের তথ্য থাকবে;
- প্রশিক্ষণকালীন সময়ে ন্যাশনাল সার্ভিস সম্পর্কে তথা তাদের নিয়োগের মেয়াদ, শর্তাদি, প্রশিক্ষণ ভাড়া, ভবিষ্যতে সঞ্চয় ইত্যাদি সম্পর্কে যথাযথভাবে অবহিত করতে হবে;
- সরকারি স্কুল/কলেজ/অফিস/প্রতিষ্ঠানে ন্যাশনাল সার্ভিস কর্মসূচির কর্মীদের কর্মসংযুক্তি প্রদানকালে একটি বিষয় অবশ্যই লক্ষ্য রাখতে হবে যাতে, এমন ধারণা না জন্মায় এ নিয়োগ তাদের স্থায়ী পদে নিয়োগ হিসেবে পরিগণিত হবে;
- নীতিমালা সংশোধন করে সরকারি প্রতিষ্ঠানের পাশাপাশি বেসরকারি শিল্প, বাণিজ্য ও ব্যবসায়ী প্রতিষ্ঠানে তাদের নিয়োগ দেওয়া যায় কিনা পরীক্ষা করে দেখতে হবে;
- যুব উন্নয়ন অধিদপ্তরের নির্বাচিত কর্মকর্তার সমন্বয়ে ন্যাশনাল সার্ভিস কর্মীদের কর্মসংযুক্তি শেষে তাদের আত্মকর্মসংস্থান অথবা অন্যত্র কোন চাকুরি পাওয়ার ক্ষেত্রে পরামর্শ প্রদানের জন্য একটি পরামর্শ পুল তৈরী করা যেতে পারে;
- প্রশিক্ষণকালীন সময়ে যে সমস্ত Lessons Learning হয়েছে এবং যে চ্যালেঞ্জ বা প্রতিবন্ধকতা মোকাবেলা করা হয়েছে তা যথাযথভাবে Documentation করতে হবে, যাতে এ কর্মসূচির বাস্তবায়ন পর্যায়ে একটি পূর্ণাঙ্গ চিত্র পাওয়া যায়।

০৫। বিষয়টি তাঁর সদয় অবগতি ও কার্যার্থে নির্দেশক্রমে প্রেরণ করা হলো।


২২/০৫/১৭
(মোহাম্মদ আবদুল আওয়াল)
সচিবের একান্ত সচিব
টেলিফোনঃ ০২-৯৫৭৫৫৪১

E-mail: pstosec@moysports.gov.bd

মহাপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল, ঢাকা।


দৃষ্টি আকর্ষণঃ প্রকল্প পরিচালক, ন্যাশনাল সার্ভিস কর্মসূচি।

স্মারক নং- ৩৪.০০.০০০০.০২০.২৫.০০১.১৭.৫৪

তারিখঃ ২২ মে ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মুখ্য সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।


২২/০৫/১৭
(মোহাম্মদ আবদুল আওয়াল)
সচিবের একান্ত সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
সচিবের দপ্তর
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.moysports.gov.bd

স্মারক নং- ৩৪.০০.০০০০.০২০.২৫.০০১.১৭.৫৫

তারিখঃ ০৮ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ
২২ মে ২০১৭ খ্রিস্টাব্দ

বিষয়ঃ যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব মহোদয় কর্তৃক যুব প্রশিক্ষণ কেন্দ্র, ময়মনসিংহ পরিদর্শন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ০৪/০৫/২০১৭ এবং ০৫/০৫/২০১৭ তারিখে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ভারপ্রাপ্ত সচিব জনাব মোঃ আসাদুল ইসলাম শেরপুর জেলায় গমনকালে ময়মনসিংহে যাত্রা বিরতি করেন। সে সময় তিনি ময়মনসিংহ যুব প্রশিক্ষণ কেন্দ্র পরিদর্শন করেন। পরিদর্শনকালে কেন্দ্রে নিম্নোক্ত বিষয়গুলো সচিব মহোদয়ের দৃষ্টিগোচর হয়েছেঃ

- ১। প্রশিক্ষণ কেন্দ্রের প্রচুর জমি পরিত্যক্ত অবস্থায় পতিত আছে;
- ২। দীর্ঘদিন যাবৎ ভৌত অবকাঠামোসমূহের কোন ধরনের সংস্কার হয়নি;
- ৩। প্রশিক্ষণ খামার/বাগান প্রস্তুত করা হয়নি, যা অন্যান্য প্রশিক্ষণ কেন্দ্রে পরিলক্ষিত হয়েছে;
- ৪। পুকুর পরিত্যক্ত/সংস্কারবিহীন অবস্থায় আছে।

এমতাবস্থায়, ময়মনসিংহ যুব প্রশিক্ষণ কেন্দ্র সহ অনুরূপ অন্যান্য যুব প্রশিক্ষণ কেন্দ্রগুলোর প্রয়োজনীয় সংস্কার এবং ভূমির সদ্যবহার করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। যদি কোন কেন্দ্র পরিচালনায় অযত্ন কিংবা অবহেলার চিহ্ন পাওয়া যায় তবে সংশ্লিষ্ট কেন্দ্র প্রধানকে এ বিষয়ে দায়ী করা হবে মর্মে তিনি নির্দেশনা প্রদান করেন। এ বিষয়ে কার্যকর পদক্ষেপ গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মোহাম্মদ আবদুল আওয়াল)

সচিবের একান্ত সচিব

টেলিফোনঃ ০২-৯৫৭৫৫৪১

E-mail: pstosec@moysports.gov.bd

মহাপরিচালক
যুব উন্নয়ন অধিদপ্তর
১০৮, মতিঝিল, ঢাকা।

স্মারক নং- ৩৪.০০.০০০০.০২০.২৫.০০১.১৭.৫৫

তারিখঃ ২২ মে ২০১৭ খ্রিস্টাব্দ

অনুলিপিঃ

- ১। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মাননীয় উপমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। ডেপুটি কো-অর্ডিনেটর (সকল), যুব প্রশিক্ষণ কেন্দ্র।



(মোহাম্মদ আবদুল আওয়াল)

সচিবের একান্ত সচিব